# হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ৬

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো, কিসে হজ ফরয করে? তিনি বললেন: “সম্বল ও সওয়ারী”।[1] হাদীসটি ইমাম তিরমিযী ইবন উমার সূত্রে বর্ণনা করেছেন, তিনি বলেছেন হাসান।

## ফুটনোট

[1] এ প্রশ্নের উৎস কুরআনুল কারিমের একটি আয়াত, যেখানে আল্লাহ তা'আলা বলেছেন: “মানুষের উপর আল্লাহর জন্য কাবার হজ্জ করা ফরয, যে সেখান পৌঁছতে সক্ষম”। আয়াতে সক্ষমতা বলতে কি বুঝায় সেটা জানার জন্য জনৈক সাহাবী প্রশ্ন করেছেন। সক্ষমতার ব্যাখ্যায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৌলিক দু'টি বিষয় উল্লেখ করেছেন: ১. সম্বল তথা খাবার, পরিধেয় বস্ত্র ও থাকার ব্যয়ভারের মালিকানা। ২. বায়তুল্লাহ পর্যন্ত পৌঁছার যানবাহন বা তার ভাড়ার মালিক হওয়া। এ দু'টি সক্ষমতা মানুষের উপর হজ ফরয করে।

আহল ইলমগণ সম্বল ও সওয়ারীর ব্যাখ্যাস্বরূপ আরো কিছু শর্ত যোগ করেছেন, যেমন সাবালক হওয়া, শারীরিক ও মানসিকভাবে সুস্থ হওয়া, ব্যক্তির ওপর যাদের ভরণপোষণ ওয়াজিব হজ থেকে ফিরে আসা পর্যন্ত তাদের ভরণপোষণ দিতে সক্ষম হওয়া এবং ফিরে এসে অবশিষ্ট অর্থ ও সম্পত্তি দিয়ে স্বাভাবিক জীবন-যাপন করার ক্ষমতা রাখা যেরূপ হজ করার পূর্বে ছিল। আর নারীর ক্ষেত্রে আরও একটি অতিরিক্ত শর্ত হচ্ছে, স্বামী বা অন্য কোনো মাহরাম সাথে থাকা জরুরি, যিনি তার সাথে হজ বা উমরার সফর সঙ্গী হবেন। এসব শর্তও দলীল দ্বারা প্রমাণিত। -অনুবাদক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন